

তারিখ: ২১.১০.২০২৫

প্রেস বিজ্ঞপ্তি

## \*সৌন্দর্যবর্ধনের মাধ্যমে গড়ে তোলা হবে গ্রীন ও ক্লীন চট্টগ্রাম : মেয়র ডা. শাহাদাত\*

বন্দর নগরী চট্টগ্রামের ৪১টি ওয়ার্ডে চলমান সৌন্দর্যবর্ধন কার্যক্রমের মাধ্যমে চট্টগ্রামকে গ্রীন ও ক্লীন সিটি হিসেবে গড়ে তোলার প্রত্যয় ব্যক্ত করেছেন চট্টগ্রাম সিটি মেয়র ডা. শাহাদাত হোসেন। মঙ্গলবার (২১ অক্টোবর ২০২৫) সকালে নগরীর মুরাদপুর মোড়ে ৭নং পশ্চিম ষোলশহর ওয়ার্ডের সৌন্দর্যবর্ধন কাজের উদ্বোধনকালে তিনি এ প্রত্যয় ব্যক্ত করেন। এই প্রকল্পের আওতায় শিক্ষা বোর্ড থেকে মুরাদপুর এন মোহাম্মদ, মুরাদপুর মোড় থেকে মীর্জাপুল এবং মুরাদপুর থেকে অক্সিজেন মোড় পর্যন্ত পুরো এলাকায় সৌন্দর্যবর্ধনের কাজ সম্পন্ন করা হবে। মেয়র বলেন, “চট্টগ্রামকে গ্রীন, ক্লীন, হেলদি ও সেফ সিটিতে পরিণত করার লক্ষ্যে এ উদ্যোগ গ্রহণ করা হয়েছে। নগরের সৌন্দর্য বৃদ্ধির পাশাপাশি পরিবেশের ভারসাম্য রক্ষায় আমরা বৃক্ষরোপণ কর্মসূচি হাতে নিয়েছি। গাছ শুধু শহরকে সবুজ করে না, এটি আমাদের জীবনের জন্য অপরিহার্য অক্সিজেন সরবরাহ করে। তাই প্রত্যেকে নিজের চারপাশে গাছ লাগাতে হবে। তিনি আরও বলেন, “আমরা চাই নাগরিকরা যেন পরিষ্কার-পরিচ্ছন্ন ও দৃষ্টিনন্দন পরিবেশে বসবাস করতে পারেন। এজন্য ফুটপাথ, সড়ক ও ড্রেন ব্যবস্থার উন্নয়নসহ সৌন্দর্যবর্ধনের কাজ চলমান থাকবে। নাগরিকদেরও এ কাজে অংশ নিতে হবে। আমরা সবাই মিলে যদি নিজের শহরটিকে ভালোবাসি, তাহলে একটি সুন্দর চট্টগ্রাম গড়ে তোলা সম্ভব। মেয়র আহ্বান জানিয়ে বলেন, নগরের সৌন্দর্য রক্ষায় সবাইকে দায়িত্বশীল ভূমিকা রাখতে হবে। কোথাও ময়লা-আবর্জনা ফেলা বা অননুমোদিত দখলদারিত্ব বরদাস্ত করা হবে না। সিটি কর্পোরেশন ও প্রশাসন একসাথে এ বিষয়ে কঠোর অবস্থান নেবে। উদ্বোধন অনুষ্ঠানে উপস্থিত ছিলেন নগর পরিকল্পনাবিদ আবদুল্লাহ আল ওমর, বস্তি উন্নয়ন কর্মকর্তা মঈনুল হোসেন আলী জয়, ইন্জিনিয়ার জমির উদ্দিন নাহিদ, মোঃ আলী সাকী, মোহাম্মদ আলী, মোঃ শফিসহ অন্যান্য সংশ্লিষ্ট ব্যক্তিবর্গ।



## \*তরুণ প্রজন্মকে মাদক থেকে বাঁচাতে প্রত্যেক ওয়ার্ডে খেলার মাঠ গড়ব: মেয়র ডা. শাহাদাত\*

তরুণ প্রজন্মকে মাদকের করালগ্রাস থেকে রক্ষা করতে নগরীর ৪১ টি ওয়ার্ডে ৪১টি খেলার মাঠ গড়ে তোলার উদ্যোগ বাস্তবায়নধীন বলে জানিয়েছেন সিটি মেয়র ডা. শাহাদাত হোসেন। সোমবার (২০ অক্টোবর ২০২৫) নতুন মনসুরাবাদ সমাজ কল্যাণ পরিষদ কর্তৃক আয়োজিত মিনিবার ফুটবল টুর্নামেন্ট এর উদ্বোধনী অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে তিনি এ কথা বলেন। এতে সভাপতিত্ব করেন নতুন মনসুরাবাদ সমাজ কল্যাণ পরিষদের সভাপতি মোঃ জানে আলম রনি। টুর্নামেন্টের উদ্বোধক ছিলেন চট্টগ্রাম মহানগর বিএনপির যুগ্ম আহ্বায়ক মোঃ মনজুর আলম। প্রধান অতিথির বক্তব্যে মেয়র ডা. শাহাদাত হোসেন বলেন, চট্টগ্রামের প্রতিটি ওয়ার্ডে খেলার মাঠ নির্মাণের উদ্যোগ নেওয়া হয়েছে। এখন পর্যন্ত ১১টি ওয়ার্ডে খেলার মাঠের ভিত্তিপ্রস্তর স্থাপন করা হয়েছে। ধাপে ধাপে ৪১টি ওয়ার্ডেই খেলার মাঠ তৈরি করা হবে। “আমরা চাই কিশোর ও তরুণ প্রজন্ম যেন মাদক ও কিশোর গ্যাং থেকে দূরে থেকে খেলাধুলায় মনোযোগ দেয়। এজন্য প্রতিটি ওয়ার্ডে খেলার মাঠ, ওয়াকওয়ে ও শিশুদের জন্য ছোট পার্ক নির্মাণ করা হচ্ছে, যাতে সবাই সুস্থ ও সুন্দর পরিবেশে সময় কাটাতে পারে।” তিনি আরও বলেন, “আমি দায়িত্ব নেওয়ার পর থেকে চট্টগ্রামকে একটি ক্লিন, গ্রিন, হেলদি, সেফ ও স্মার্ট সিটি হিসেবে গড়ে তোলার লক্ষ্য নিয়ে কাজ করছি। এজন্য ডোর-টু-ডোর ময়লা সংগ্রহ প্রকল্প বাস্তবায়ন করা হচ্ছে, যাতে কোন ময়লা নালা বা খালে না পড়ে।” চট্টগ্রামে উৎপাদিত বর্জ্য থেকে বিদ্যুৎ ও গ্যাস উৎপাদনের কাজ ইতোমধ্যে শুরু হয়েছে জানিয়ে মেয়র বলেন, বাংলাদেশে প্রথমবারের মতো বর্জ্য থেকে গ্যাস উৎপাদনের ট্রায়াল উদ্বোধন করেছি। ভবিষ্যতে এই প্রকল্প পুরোপুরি বাস্তবায়িত হলে ডোর-টু-ডোর প্রকল্পের জন্য নাগরিকদের আর কোনো বাড়তি টাকা দিতে হবে না,”— বলেন মেয়র। নাগরিক সেবার উন্নয়নের বিষয়ে তিনি বলেন, “আমরা নিম্নবিত্ত ও মধ্যবিত্তদের জন্য স্মার্ট কার্ড বিতরণ করছি। এ কার্ডের মাধ্যমে দ্রব্যমূল্যের ছাড়, বয়স্ক ও বিধবা ভাতা সহ বিভিন্ন সুবিধা দেওয়া হচ্ছে। উচ্চবিত্তরা এই কার্ড পাবেন না।” চট্টগ্রামকে জলাবদ্ধতা ও প্লাস্টিক দূষণমুক্ত রাখতে নাগরিকদের সচেতন হওয়ার আহ্বান জানিয়ে মেয়র বলেন, “আমাদের লক্ষ্য—একটি পরিচ্ছন্ন, সবুজ, নিরাপদ ও স্মার্ট নগরী উপহার দেওয়া। চসিকের অভিযান অবৈধ সাইনবোর্ড উচ্ছেদ ২১ অক্টোবর ২০২৫ খ্রি, আজ নগরীর জাকির হোসেন রোডে চট্টগ্রাম সিটি কর্পোরেশনের উদ্যোগে এক্সিকিউটিভ ম্যাজিস্ট্রেট চৈতী সর্বাধিদ্যা এর নেতৃত্বে উচ্ছেদ অভিযান পরিচালিত হয়। অভিযানে খুলশী খানার জাকির হোসেন রোডের ডায়াবেটিক হাসপাতালের সামনের ফুট ওভারব্রিজের উপরে অবৈধ ভাবে স্থাপিত সাইনবোর্ড উচ্ছেদ করা হয়।

স্বাক্ষরিত/-

(আজিজ আহমদ)

জনসংযোগ ও প্রটোকল কর্মকর্তা

চট্টগ্রাম সিটি কর্পোরেশন।

মোবাইল-০১৮১৯-৯৩০৪৮৮